...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট

নেজারত শাখা

## মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪ পালন/উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলিক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | শেখ রাসেল হাসান<br>জেলা প্রশাসক, সিলেট |
| সভার তারিখ | ২৫ জানুয়ারি ২০২৪ |
| সভার সময় | বেলা ১২:০০ ঘটিকা |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক" |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতেই মহান ভাষা আন্দোলনের বীর শহিদদের আত্মার মাগফিরাত কামনা করা হয়। সভাপতি, শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের গুরুত্ব ও তাৎপর্য বর্ণনা করেন। অতঃপর শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদার সাথে সিলেট জেলায় উদযাপনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সমন্বয় রেখে সিলেট জেলার কর্মসূচি প্রণয়ন এবং তা যথাযথভাবে বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করেন।

২। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ০১ জানুয়ারি ২০২৪ তারিখের ৪৩.০০.০০০০.১২৪.২৩.১৭৬.২১.০৯ নম্বর স্মারকে প্রাপ্ত কার্যবিবরণী সভায় পাঠ করেন । অতঃপর জাতীয় কর্মসূচির আলোকে উপস্থিত সকলের মতামত/পরামর্শের ভিত্তিতে নিম্নবর্ণিত কর্মসূচিসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রমিক | তারিখ ও সময় | কর্মসূচি | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ০১ ফেব্রুয়ারি ২০২৪ সকাল ১১.০০ ঘটিকা | ভাষার মাস বরণ উপলক্ষ্যে বর্ণমালা মিছিল | সারদা স্মৃতিভবনের সম্মুখ হতে কেন্দ্রীয় শহিদ মিনার পর্যন্ত | সম্মিলিত নাট্য পরিষদ, সিলেট |
| ২ | ১৮ফেব্রুয়ারি ২০২৪ সুবিধাজনক সময়ে | ভাষার গান ও শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা | জেলা শিল্পকলা একাডেমি, সিলেট | জেলা কালচারাল অফিসার, সিলেট |
| ৩ | ১৯ ফেব্রুয়ারি ২০২৪ সুবিধাজনক সময়ে | শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও ছড়া/কবিতা আবৃত্তি প্রতিযোগিতা | জেলা শিশু একাডেমি, সিলেট | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, সিলেট |
| ৪ | ২০ ও ২১ ফেব্রুয়ারি ২০২৪ | ভ্রাম্যমাণ চলচ্চিত্র প্রদর্শনী | নগরীর ক্বীন ব্রীজ সংলগ্ন জনবহুল স্থান ও সিলেট রেলওয়ে স্টেশনের বিলবোর্ড | উপপরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট |
| ৫ | ২১ ফেব্রুয়ারি ২০২৪ রাত ০০:০১ ঘটিকা | পুষ্পস্তবক অর্পণ | ১। কেন্দ্রীয় শহিদ মিনার, সিলেট<br>২। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ম্যুরাল, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট | ১) জেলা প্রশাসন, সিলেট<br>২) এসএমপি, সিলেট<br>৩) সিলেট সিটি কর্পোরেশন<br>৪) সম্মিলিত নাট্য পরিষদ, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | ২১ ফেব্রুয়ারি ২০২৪ সূর্যোদয়ের সাথে সাথে | জাতীয় পতাকা অর্ধনমিত রাখা | সকল সরকারি, আধা সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, সকল শিক্ষা প্রতিষ্ঠান/মাদ্রাসা ও বেসরকারি ভবনসমূহে | স্ব স্ব কর্তৃপক্ষ এবং ভবনের মালিকগণ |
| | | প্রভাতফেরী | সারদা হলের সম্মুখ হতে কেন্দ্রীয় শহিদ মিনার পর্যন্ত | সম্মিলিত নাট্য পরিষদ, সিলেট |
| ৭ | ২১ ফেব্রুয়ারি ২০২৪ সকাল ১০.৩০ ঘটিকা | শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ | জেলা শিল্পকলা একাডেমি, সিলেট | ১) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট<br>২) নেজারত ডেপুটি কালেক্টর, সিলেট<br>৩) জেলা কালচারাল অফিসার, সিলেট |
| ৮ | ২১ ফেব্রুয়ারি ২০২৪ বাদ জোহর | শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে সংক্ষিপ্ত আলোচনা সভা শেষে দোয়া-মাহফিল | ১। কালেক্টরেট জামে মসজিদ, সিলেট<br>২। ইমাম প্রশিক্ষণ কেন্দ্র, সিলেট | ১) জেলা প্রশাসন, সিলেট<br>২) পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট |
| ৯ | ২১ ফেব্রুয়ারি ২০২৪ বাদ যোহর/ সুবিধামত সময় | শহিদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিল ও বিশেষ প্রার্থনা | সকল মসজিদ, মন্দির, গির্জা ও প্যাগোডাসহ অন্যান্য উপাসনালয় | সংশ্লিষ্ট ধর্মীয় প্রতিষ্ঠান/উপাসনালয় কর্তৃপক্ষ |
| ১০ | ২১ ফেব্রুয়ারি ২০২৪ | শিশু-কিশোর, শিক্ষার্থী, বৃদ্ধ ও অটিস্টিক শিশুদের বিনা টিকেটে জাদুঘর ও পার্ক ভ্রমণের ব্যবস্থা করা | ওসমানী শিশু পার্ক, ওসমানীজাদুঘর ও কেন্দ্রীয় মুসলিম সাহিত্য সংসদ | ১) সিলেট সিটি কর্পোরেশন<br>২) সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ১১ | ২১ ফেব্রুয়ারি ২০২৪ | বিশেষ অনুষ্ঠানমালা প্রচার | বাংলাদেশ বেতার, সিলেট | ১)আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট<br>২) পরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট<br>৩) সভাপতি/সম্পাদক, সিলেট জেলা প্রেস ক্লাব/ সিলেট প্রেস ক্লাব/ অনলাইন প্রেস ক্লাব/ ইমজা, সিলেট<br>৪) সম্পাদক, সকল পত্রিকা, সিলেট |
| | | বিশেষ ক্রোড়পত্র প্রকাশ | জেলার সকল দৈনিক ও সাপ্তাহিক পত্রিকাসমূহ | |
| ১২ | ২২ ফেব্রুয়ারি ২০২৪ বিকাল ৩.৩০ ঘটিকা | শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও ছড়া/কবিতা আবৃত্তি প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ও অভিভাবকগণের অংশগ্রহণে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ | কবি নজরুল অডিটরিয়াম, সিলেট | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, সিলেট |

৩। শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের সকল কর্মসূচি সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ১ | জাতীয় পতাকা যথাযথভাবে উত্তোলন, অর্ধনমিতকরণ ও নামানোর বিষয়টি বহুল প্রচার | ১। শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠানসহ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি ভবনসমূহে সঠিক নিয়মে, সঠিক রং ও মাপের জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে। সূর্যোদয়ের সময়ে পতাকা উত্তোলন এবং সূর্যাস্তের সময় পতাকা নামাতে হবে। পতাকা অর্ধনমিত করার ক্ষেত্রে সঠিক নিয়ম (বাংলাদেশ পতাকা বিধিমালা, ১৯৭২) অনুসরণ করতে হবে। পতাকার সঠিক মাপ ও উত্তোলনের নিয়ম সম্পর্কে সকলকে সচেতন করার লক্ষ্যে বিষয়টি বহুল প্রচার করতে হবে।<br>২। যথাযথ নিয়মে জাতীয় পতাকা উত্তোলন, অর্ধনমিতকরণ ও নামানোর বিষয়ে জেলা প্রশাসন, সিলেট হতে গণবিজ্ঞপ্তি ও লিফলেট প্রস্তুতপূর্বক বহুল প্রচারের লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে বিতরণ করতে হবে।<br>৩। জেলা ও উপজেলা পর্যায়ে সকল গণমাধ্যম/পত্রিকায়/ অনলাইন মাধ্যমে এ বিষয়ে বহুল প্রচার করতে হবে। | ১) জেলা প্রশাসন, সিলেট<br>২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট<br>৩) স্ব স্ব প্রতিষ্ঠান<br>৪) বাংলাদেশ বেতার, সিলেট<br>৫) জেলা তথ্য অফিস, সিলেট<br>৬) সভাপতি/সাধারণ সম্পাদক, সিলেট প্রেস ক্লাব/জেলা প্রেসক্লাব, সিলেট/অনলাইন প্রেস ক্লাব/ইমজা, সিলেট |
| ২ | সার্বিক নিরাপত্তা প্রদান | শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ এর সকল কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে সকল ভেন্যুতে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েনপূর্বক সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে হবে। | ১) পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট<br>২) পুলিশ সুপার, সিলেট<br>৩) অধিনায়ক, র‍্যাব-৯ |
| ৩ | পুষ্পস্তবক অর্পণ | ১। শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উপলক্ষ্যে কেন্দ্রীয় শহিদ মিনারে সুশৃংখলভাবে পুষ্পস্তবক অর্পণ করতে হবে।<br>২। শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণের পুষ্পমাল্য কাঁচা ফুল দিয়ে তৈরি করতে হবে। কোনভাবেই প্লাস্টিকের ফুল ব্যবহার করা যাবে না।<br>৩। কেন্দ্রীয় শহিদ মিনারের প্রবেশ পথ ও বহির্গমণ পথে সাইনবোর্ড লাগানোর ব্যবস্থা করতে হবে। | ১) জেলা প্রশাসন, সিলেট<br>২) এসএমপি, সিলেট<br>৩) পুলিশ সুপার, সিলেট<br>৪) সম্মিলিত নাট্য পরিষদ, সিলেট |
| ৪ | ভাষা সৈনিকের সম্মাননা প্রদান | সিলেটের একমাত্র জীবিত ভাষা সৈনিক অধ্যাপক মোঃ আবদুল আজিজ, কুমারপাড়া, সিলেট (মোবা: ০১৭১২-১৬৪২২৪)-কে সম্মাননা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট |
| ৫ | কেন্দ্রীয় শহিদ মিনার পরিষ্কার পরিচ্ছন্নকরণ | ১। শহিদ মিনার প্রাঙ্গনসহ চৌহাট্টা ও জিন্দাবাজার পয়েন্ট পর্যন্ত রাস্তায় পর্যাপ্ত আলোর ব্যবস্থা করতে হবে।<br>২। প্রয়োজন অনুসারে শহিদ মিনার রংকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। শহিদ মিনার প্রাঙ্গান পরিষ্কার পরিচ্ছন্ন করতে হবে।<br>৪। শহিদ মিনারের সম্মুখের রাস্তায় আলপনা অঙ্কনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিলেট সিটি কর্পোরেশন, সিলেট |
| ৬ | শহরের প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপ এবং বিভিন্ন স্থাপনাসমূহে বর্ণমালা দিয়ে সজ্জিতকরণ | সিলেট শহরের প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপসমূহ বাংলা বর্ণমালাসহ স্থানীয় ও অন্যান্য ভাষার বর্ণমালা দিয়ে সজ্জিত করতে হবে। | সিলেট সিটি কর্পোরেশন, সিলেট |

| | | | |
|---|---|---|---|
| ৭ | বিশুদ্ধ খাবার পানি সরবরাহ | কেন্দ্রীয় শহিদ মিনারে বিশুদ্ধ খাবার পানি সরবরাহ করতে হবে। | সিলেট সিটি কর্পোরেশন, সিলেট |
| ৮ | মাইক সরবরাহ | শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ এর সকল কর্মসূচিতে অপারেটরসহ মাইক সরবরাহ করতে হবে। | জেলা তথ্য অফিস, সিলেট |
| ৯ | নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ | কেন্দ্রীয় শহিদ মিনার ও জেলা শিল্পকলা একাডেমিসহ বিভিন্ন অনুষ্ঠানস্থলসমূহে আয়োজিত অনুষ্ঠান চলাকালীন নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড-১, সিলেট |
| ১০ | অগ্নি নির্বাপক দল প্রস্তুত রাখা | ১। একুশে ফেব্রুয়ারি রাতে পুষ্পস্তবক অর্পণকালে ও দিনে শহিদ মিনার ও জেলা প্রশাসকের কার্যালয়ে অগ্নি নির্বাপক দল প্রস্তুত থাকতে হবে।<br>২। নেজারত ডেপুটি কালেক্টর, সিলেট-এর সাথে সমন্বয় করে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্তৃক ধুলাবালি রোধকল্পে শহিদ মিনার এলাকায় পানি ছিটানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট |
| ১১ | শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি বহুল প্রচার | ১। শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে প্রণীত কর্মসূচিতে সকলের অংশগ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে দিবসের কর্মসূচিসমূহের বহুল প্রচার করতে হবে।<br>২। কেন্দ্রীয় শহিদ মিনার ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ম্যুরালে পুষ্পস্তবক অর্পণের বিষয়টি ব্যাপক প্রচার করতে হবে। | ১) জেলা তথ্য অফিস, সিলেট<br>২) সভাপতি, সিলেট জেলা প্রেসক্লাব/ সিলেট প্রেসক্লাব/ অনলাইন প্রেসক্লাব/ ইমজা, সিলেট |
| ১২ | শিক্ষা প্রতিষ্ঠানে দিবসটি উদযাপন | যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদযাপনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে সকল শিক্ষা প্রতিষ্ঠান স্ব-স্ব কর্মসূচি প্রণয়নপূর্বক দিবসটি উদ্‌যাপনের ব্যবস্থা করতে হবে। বেসরকারি বিশ্ববিদ্যালয়, ইংলিশ মিডিয়াম স্কুল ও মাদ্রাসাসমূহও যাতে দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন করে সে বিষয়টি তদারকি করতে হবে। | ১) উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>২) জেলা শিক্ষা অফিসার, সিলেট<br>৩) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট |
| ১৩ | দিবস উদযাপনে যুব সমাজকে সম্পৃক্তকরণ | জাতীয় অনুষ্ঠানের সাথে সঙ্গতি রেখে জেলা ও উপজেলা পর্যায়ের যুব সমাজকে সম্পৃক্ত করে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উদযাপন করতে হবে। | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট |
| ১৪ | সকল উপজেলায় ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জন্য অনুষ্ঠান আয়োজন | জাতীয় কর্মসূচির সাথে সঙ্গতি রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়নপূর্বক যে সকল উপজেলায় ক্ষুদ্র নৃ-গোষ্ঠী রয়েছে সে সকল উপজেলায় ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জনগণের জন্য শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে তাদের স্ব স্ব ভাষায় সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করতে হবে। | ১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট<br>২) জেলা কালচারাল অফিসার, সিলেট |
| ১৫ | গণগ্রন্থাগারে চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতা | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারে চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতার আয়োজন করতে হবে। | উপপরিচালক, বিভাগীয় গণগ্রন্থাগার, সিলেট |
| ১৬ | সংবাদপত্রসমূহে বিশেষ ক্রোড়পত্র প্রকাশ | দিবসটির গুরুত্ব ও তাৎপর্য সন্নিবেশিত করে স্থানীয় সংবাদপত্রসমূহে বিশেষ ক্রোড়পত্র প্রকাশ করতে হবে। | সভাপতি/সাধারণ সম্পাদক, সিলেট জেলা প্রেসক্লাব/ সিলেট প্রেসক্লাব/অনলাইন প্রেসক্লাব/ইমজা |

| | | | |
|---|---|---|---|
| ১৭ | উপজেলাসমূহে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন | ১। জাতীয় কর্মসূচি ও সিলেট জেলায় গৃহীত কর্মসূচির সাথে সমন্বয় রেখে সিলেট সদর উপজেলা ব্যাতীত সকল উপজেলা পর্যায়ে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উদযাপনের লক্ষ্যে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে।<br>২। সিলেট সদর উপজেলা জেলা প্রশাসনের সাথে দিবসটি উদযাপনে অংশগ্রহণ করবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট |
| ১৮ | জাতীয় পতাকার প্রতি যথাযথ সম্মান প্রদর্শন | জাতীয় পতাকার প্রতি যথাযথ সম্মান প্রদর্শন করা হচ্ছে কিনা এবং পতাকা বিধি/ নিয়ম অনুযায়ী জাতীয় পতাকা উত্তোলন করা হয়েছে কিনা, একজন এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এর নেতৃত্বে গঠিত মোবাইল টিম তা পর্যবেক্ষণ করবে। | বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট |
| ১৯ | বিলবোর্ডসমূহে ভাষা শহিদদের ছবি সম্বলিত ব্যানার প্রদশনী | শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে মাসব্যাপি বিলবোর্ডসমূহে ভাষা শহিদদের ছবি সম্বলিত ব্যানার প্রদর্শন করতে হবে। | সিলেট সিটি কর্পোরেশন |

পরিশেষে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪ যথাযোগ্য মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে উদযাপনে সকলের সহযোগিতা ও সক্রিয় অংশগ্রহণ কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

শেখ রাসেল হাসান
জেলা প্রশাসক, সিলেট

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০০৭.২৩.০০৪.১৯.৫৭

তারিখ: ১৬ মাঘ ১৪৩০
৩০ জানুয়ারি ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩) সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
৪) সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
৫) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
৬) ডিআইজি, সিলেট রেঞ্জ, সিলেট
৭) পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট
৮) প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন
৯) পুলিশ সুপার, সিলেট
১০) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট
১১) সিভিল সার্জন, সিলেট
১২) উপ পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
১৩) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট
১৪) উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট
১৫) জেলা ............................................... কর্মকর্তা, সিলেট
১৬) অধ্যক্ষ, ......................................................., সিলেট
১৭) প্রধান শিক্ষক, ..................................................., সিলেট

১৮) সভাপতি/সম্পাদক, ........................................................, সিলেট

১৯) নির্বাহী প্রকৌশলী ..........................................................., সিলেট

২০) উপপরিচালক/সহকারী পরিচালক ........................................, সিলেট

২১) জনাব/মিজ্ ................................................................................

শেখ রাসেল হাসান
জেলা প্রশাসক